

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫১৬৬

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الاول

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ الْعَبْدُ: مَالِي مَالِي.
وَإِنْ مَالَهُ مِنْ مَالِهِ ثَلَاثٌ: مَا أَكَلَ فَأَفْنَى أَوْ لَبِسَ فَأَبْلَى أَوْ أُعْطِيَ فَأَقْتَنَى. وَمَا سِوَى ذَلِكَ
فَهُوَ ذَاهِبٌ وَتَارِكُهُ لِلنَّاسِ. رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (4 / 2959), (7422) -

(صَحِيح)

বাংলা

৫১৬৬-[১২] আবু হুরায়রা (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: বান্দা (গর্ব : করে) বলে আমার সম্পদ, আমার সম্পদ; প্রকৃতপক্ষে তার সম্পদ হতে তার (উপকারে আসে) মাত্র তিনটি যা খেয়ে সে শেষ করে দিয়েছে বা পরিধান করে ছিড়ে ফেলেছে অথবা দান করে (পরকালের জন্য) সংরক্ষণ করেছে। এতটুকু যা আছে তা তার কাজে আসবে না এবং সে মানুষের (ওয়ারিসদের) জন্য ছেড়ে চলে যাবে। (মুসলিম)।

ফুটনোট

সহীহ: মুসলিম ৪-(২৯৫৯), মুসনাদে আহমাদ ৮৭৯৯, সহীহুল জামি ৮১৩৩, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৮৬০, সহীহ ইবনু হিব্বান ৩২৪৪, শুআবুল ঈমান ৩৩৩৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৭৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা : উল্লেখিত হাদীসের অর্থ হলো এই মানুষ সম্পদশালী হলে গর্ব করে বলে এটা আমার সম্পদ, আমি অমুক

অমুক সম্পদের মালিক, আমার এত এত সম্পদ আছে ইত্যাদি। সে তার এই সম্পদের উপকার তিনভাবে ভোগ করে, ১. যা খায় তা শেষ হয়ে যায়, ২. যা পরিধান করে তা পুরাতন হয়ে যায়, ৩. যা দান করে তা আখিরাতের জন্য সঞ্চিত থাকে, বাকী সম্পদ মানুষের জন্য রেখে সে দুনিয়া থেকে বিদায় নেয়। কাজেই আমার আমার বলে অহংকার করা আর পুঞ্জীভূত করে রাখা নেহায়েত বোকামী আর অজ্ঞতার পরিচয়। এজন্য সম্পদ হাতে থাকলে বেশি বেশি সদাকাহ করে আখিরাতে মুক্তি পাওয়াটাই মুখ্য বিষয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85146>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন